দৈনিক ইনকিলাব



তারিখ 10 JAN 1988
পৃষ্ঠা ... কলাম ...

# অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরুর দাবী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

বিভিন্ন সংগঠন সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টিকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে ক্লাসসহ শিক্ষা কার্যক্রম শুরুর দাবী জানিয়েছে।

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র ইউনিয়ন সভাপতি মোহাম্মদ তাহের উল্লাহ ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল 'ছাত্র-শিক্ষকের মতামতকে উপেক্ষা করে অন্যায়ভাবে' চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্তে তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেছেন, বারবার দাবী জানানো সত্ত্বেও বিশ্ববিদ্যালয় থেকে চিহ্নিত অস্ত্রধারী ও সন্ত্রাস সৃষ্টিকারী স্বাধীনতা বিরোধী সাম্প্রদায়িক গোষ্ঠীর বিরুদ্ধে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ না করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ঐ গোষ্ঠীকে মদদ যুগিয়ে অস্বাভাবিক পরিস্থিতিকেই জিইয়ে রেখেছেন।

সংগঠনের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা সম্পাদকমণ্ডলী এক বিবৃতিতে ক্ষোভ প্রকাশ করে বলেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে পক্ষপাতদুষ্ট না হয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করলে বিশ্ববিদ্যালয় বন্ধের পরিস্থিতি রোধ করা যেত।

### শিবিরের সাংবাদিক সম্মেলন

ইসলামী ছাত্র শিবির অবিলম্বে সশস্ত্র বহিরাগতদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থার মাধ্যমে বের করে দিয়ে বিশ্ববিদ্যালয় খোলা ও এ ধরনের সন্ত্রাস চিরতরে বন্ধ করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছে।

গতকাল শনিবার সংগঠনের উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ আহবান জানান হয়। এতে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি শামসুল ইসলাম।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, সারা দেশে যখন শিক্ষা প্রতিষ্ঠান খোলার চেষ্টা চলছে, তখন সরকারী ছত্রছায়ায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সশস্ত্র সন্ত্রাসী তৎপরতা দেশের হাজার হাজার ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের আতঙ্কিত করে তুলেছে।